



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

তারিখঃ ১৭ কার্তিক ১৪২৮  
০২ নভেম্বর ২০২১

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১।. ০১২. ২০২০- ২১৪৮

### নিয়োগপত্র

স্থানীয় সরকার বিভাগের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্থানীয় সরকার বিভাগের রাজস্ব খাতভুক্ত কম্পিউটার অপারেটর পদে নিয়মবর্ণিত প্রার্থীদেরকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত বেতনক্ষেত্রে এবং বর্ণিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলঃ

মেধাক্রম	রোল নং	আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	বেতনক্ষেত্র ও গ্রেড (জাতীয় বেতনক্ষেত্র ২০১৫)
১	১১০০১০২	জনাব এ. কে. এম. ইয়াহিয়া আজিজ পিতা- জনাব আব্দুল আজিজ মাতা- মিজ দেলোয়ারা আজিজ বাসা-০৯, রোড-২০, রুক-ই, বাউনিয়াবাঁধ, সেকশন-১১, পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬।	১১০০-২৬৫৯০/- গ্রেড-১৩
২	১১০০০৬১	মিজ সোনিয়া আকতার পিতা- জনাব মোঃ রহমত আলী ফকির মাতা- মিজ আনোয়ারা খাতুন গ্রাম- কল্যানপুর, ডাকঘর- বাচামারা উপজেলা- দৌলতপুর, জেলা- মানিকগঞ্জ	১১০০-২৬৫৯০/- গ্রেড-১৩

#### শর্তাবলীঃ

- (ক) তাঁকে ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযুক্ত বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ছাড়াই নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবেন;
- (খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- (গ) এ পদে যোগদানের জন্য তাঁকে নিজ ব্যবস্থাপনায় সংগৃহিত সিভিল সার্জন অথবা সচিবালয় ক্লিনিকের সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র (ডোপ টেস্ট রিপোর্টসহ) যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে এবং তা সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ- এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন;

২/২

(ঘ) বর্তমানে কোন সরকারি বা বে-সরকারি দফতরে কর্মরত থাকলে বর্তমান কর্তৃপক্ষের নিকট হতে যথাযথ

অব্যাহতি (রিলিজ) গ্রহণ করে যোগদানের সময় দাখিল করতে হবে;

(ঙ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(চ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

০২। অনুচ্ছেদ-১ এর ক হতে চ - তে উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৬/১১/২০২১ তারিখ পূর্বাঙ্গে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হল।

০৩। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২/২৮  
১১/১১/২০২১

(মোঃ এরশাদুল হক)  
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)

তারিখঃ ১৭ কার্তিক ১৪২৮  
০২ নভেম্বর ২০২১

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১। ০১২. ২০২০- ১২৪৮/১(১০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (প্রমুপ), স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, হিসাব ভবন (৫ম তলা; গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। জনাব/বেগম .....  
.....

০১/১১/২০২১  
এ কে এম মিজানুর রহমান  
উপসচিব

ফোন- ২২৩৩৫৫৭৩  
E-mail: lgadmin1@lgd.gov.bd